



## ঢাবি ছাত্রীদের সাইকেল চালানোর প্রশিক্ষণ দেবে ডাকসু

প্রকাশিত: ১৭ - নভেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

- আজ থেকে শুরু

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) অধ্যয়নরত ছাত্রীদের সাইকেল চালানো প্রশিক্ষণ দিতে ‘সাইকেল প্রশিক্ষণ কর্মসূচী’ হাতে নিয়েছে ডাকসু। কর্মসূচীর আওতায় ইতোমধ্যে প্রায় দেড় হাজার ছাত্রী নিবন্ধন করেছেন। আজ রবিবার থেকে শুরু হতে যাওয়া এই প্রশিক্ষণ প্রতিদিন বিকেল তিনটা থেকে পাঁচটা পর্যন্ত চলবে।

শনিবার দুপুরে বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির কার্যালয়ে একটি সংবাদ সম্মেলন করে এই তথ্য জানান ডাকসু নেতারা। এ সময় উপস্থিত ছিলেন ডাকসুর পরিবহন সম্পাদক শামস-ই-নোমান, সাংস্কৃতিক সম্পাদক আসিফ তালুকদার, ক্রীড়া সম্পাদক শাকিল আহমেদ তানভীর, সদস্য তিলোত্তমা শিকদার, ফরিদা পারভীন ও সাইফুল ইসলাম রাসেলসহ প্রশিক্ষণ কর্মশালার সংশ্লিষ্ট প্রতিনিধিরা। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান এবং বিশেষ অতিথি হিসেবে জেএমআই গ্রুপের প্রতিষ্ঠাতা ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ আব্দুর রাজ্জাক উপস্থিত থাকবেন।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

